দৈনিক ইত্তেফাক

তারিখ 20 OCT 1993
পৃঃ ৭ কলাম ৫

হত্যাকাণ্ডে জড়িত থাকার অভিযোগে গ্রেফতার ৭

# চট্টগ্রাম মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ বাতিল

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম মেডিকেল কলেজ একাডেমিক কাউন্সিল ও ষ্টাফ কাউন্সিলের এক জরুরী যৌথ সভায় চট্টগ্রাম মেডিকেল কলেজের ছাত্র সংসদকে বাতিল ঘোষণা করিয়াছে। ছাত্র লীগ দলীয় বর্তমান সংসদ নেতৃবৃন্দের বিরুদ্ধে গত সোমবার মধ্যাহ্নে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ডক্টরস ক্যাফেটেরিয়ায় হামলার সহিত সংশ্লিষ্টতার অভিযোগে গত সোমবার মধ্যরাতে যৌথ সভাটিতে এই পদক্ষেপ নেওয়া হইয়াছে।

এদিকে গতকাল মঙ্গলবার পর্যন্ত উক্ত ঘটনার ব্যাপারে পাঁচলাইশ থানায় ৩টি পৃথক মামলা (৭ম পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম মেডিকেল কলেজ

( ১ম পৃষ্ঠার পর )

দায়ের হইয়াছে। উহার মধ্যে ১টি চট্টগ্রাম মেডিকেল কলেজ অধ্যক্ষ কর্তৃক দায়েরকৃত। অপর ২টির ১টি ছাত্রদল ১৫ জনকে এবং একটি ছাত্র শিবির ১১ জনকে আসামী করিয়াছে। পাঁচলাইশ ও বন্দর থানা পুলিশ উক্ত ঘটনার সহিত জড়িত থাকার অভিযোগে এ পর্যন্ত ৭ জনকে গ্রেফতার করিয়াছে। ইহাদের মধ্যে পাঁচলাইশ থানা কর্তৃক গ্রেফতারকৃতরা হইতেছে এম, ই, এস কলেজের ৪র্থ বর্ষের ছাত্র রেজাউল হোসেন, চট্টগ্রাম কমার্শিয়াল ইনষ্টিটিউটের ১ম বর্ষের ছাত্র ড্যানিয়াল ভূইয়া এবং আবদুল জলিল। বন্দর থানা কর্তৃক গ্রেফতারকৃতরা হইতেছে শওকত আকবর সেলিম, মোহাম্মদ আলী আকবর প্রকাশ ছিরা, জামাল উদ্দিন, আলী আকবর, মেডিকেল কলেজের অধ্যক্ষ ডাঃ সৈয়দা নুরজাহান ভূইয়া গতকাল এই প্রতিনিধিকে জানান, ছাত্রলীগ ব্যতীত মেডিকেল কলেজের অপর ৩ছাত্র সংগঠন যথা ছাত্র ইউনিয়ন, ছাত্র-শিবির ও ছাত্রদলের যৌথ অভিযোগের উপর ভিত্তি করিয়া গতকাল মেডিকেল কলেজ ছাত্র সংসদের ভিপি ও জি এস সহ ৪ জন ছাত্রের বিরুদ্ধে শো-কজ জারি করা হইয়াছে। একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত মোতাবেক সিনিয়র শিক্ষকদের সমন্বয়ে গঠিত ডিসিপ্লিনারী কমিটি কার্যক্রম শুরু করিয়াছে। কমিটি কয়েকজনকে পত্রদিয়া বক্তব্য দেওয়ার জন্য ডাকিয়াছে এবং আহত ও প্রত্যক্ষদর্শীদের বিবরণও সংগ্রহের কাজ শুরু করিয়াছে। কলেজ যথারীতি চলিতেছে। প্রথম বর্ষ ফাইনাল ও শেষ বর্ষের পরীক্ষাও চলিতেছে।